ঠাকুরগাঁওয়ে বিশ্ব দুগ্ধ দিবস উপলক্ষে র্যালি ও আলোচনা সভা

শামসুল আলম,ঠাকুরগাঁও জেলা:: ঠাকুরগাঁওয়ে বিভিন্ন আয়োজনের মধ্য দিয়ে বিশ্ব দুগ্ধ দিবস পালিত হয়। (১ জুন) রবিবার সকালে দিবসটি পালনে র্যালি, আলোচনা সভা ও পুরস্কার বিতরণী অনুষ্ঠিত হয়। এবারের প্রতিপাদ্য বিষয় “দুগ্ধের অপার শক্তিতে,মেতে উঠুন একসাথে ”।
জেলা প্রাণীসম্পদ অধিদপ্তরের আয়োজেন ও মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়, প্রাণিসম্পদ অধিদপ্তর, প্রাণিসম্পদ ও ডেইরী উন্নয়ন প্রকল্পে (এলডিডিপি)’র সহযোগিতায় জেলা প্রশাসকের কার্যালয়ের সামনে থেকে একটি বর্ণাঢ্য র্যালি বের করা হয়। র্যালিটি শহরের প্রধান সড়ক প্রদক্ষিণ শেষে জেলা প্রশাসকের সম্মেলন কক্ষে আলোচনা সভা অনুষ্ঠিত হয়।

সভায় জেলা প্রাণীসম্পদ কর্মকর্তা ডা. মো ইজহার আহমেদ খান এর সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে বক্তব্য দেন ,জেলা প্রশাসক ইশরাত ফারজানা, জেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাঃ ইজাহার আহমেদ খান, অতিরিক্ত জেলা কর্মকর্তা ডাক্তার রেজওয়ান হক, উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা ডাক্তার সাইদুর রহমান, জেলা ট্রেনিং কর্মকর্তা, মোঃ নুরুল ইসলাম , জেলা ভেটেরিনারি কর্মকর্তা ডাঃ মোঃ তাজুল ইসলাম, জেলা ভেটেরিনারি সার্জন ডাঃ মোঃ মামুন শাহ প্রমুখ।

এছাড়া সভায় প্রাণিসম্পদ অধিদপ্তরের সকল কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন।
অনুষ্ঠানে বিশ্ব দুগ্ধ দিবস উপলক্ষে বিভিন্ন বিষয়ের উপরে আলোচনা করেন বক্তারা ।
শেষে দিবসটি পালন উপলক্ষে বিভিন্ন বিদ্যালয়ের শিক্ষার্থীদের অংশগ্রহণে চিত্রাংকন, কুইজ ও রচনা প্রতিযোগিতায় অংশগ্রহণকারী বিজয়ীদের পুরস্কার তুলে দেন অতিথিরা।